

নং-সদেক/২০২৩/হিসাব/এন-১/২০৪

তারিখ : ১১/১২/২০২৩ খ্রি.

২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) ১ম মেধা তালিকায় ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তি বিজ্ঞপ্তি:

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) ১ম মেধা তালিকায় অত্র কলেজে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম নিম্নোক্ত পদ্ধতিতে ১৪/১২/২০২৩ তারিখ থেকে ১৯/১২/২০২৩ তারিখ পর্যন্ত অনলাইনে সম্পন্ন হবে।

মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) কোর্সে ভর্তি ফিসের মোট টাকার পরিমাণ (সেমিনার ফি ব্যতিত)

এম এ/এম এস এস/এম বি এ	এম এস সি
মোট টাকা = ৩৫৭৬/-	মোট টাকা = ৩৬৭৬/-

সেমিনার ফি এম এ /এম এস এস /এম বি এ ৪০০/- (চারশত টাকা) ও এম এস সি ৫৫০/- (পাঁচশত পঞ্চাশ টাকা) টাকাসহ অন্যান্য বিভাগীয় ফি রশিদের মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

অনলাইনে ভর্তি ফরম পূরণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা:

- ০১। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) থেকে ভর্তি ফরম পূরণ করে ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।
- ০২। সরকারি দেবেন্দ্র কলেজের ভর্তির ওয়েবসাইট <http://debendracollege.eshiksabd.com/> এ গিয়ে User Name: debendrastudent এবং Password: debendrastudent দিয়ে Sign In করতে হবে।
- ০৩। Sign In করা পেইজে Admission বাটন ক্লিক করলে Click for New Admission বাটন আসবে।
- ০৪। Click for New Admission বাটনে ক্লিক করে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করতে হবে :
Select Department (যে বিভাগে চান্সপ্রাপ্ত) Enter NU Roll (জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদনের Admission Roll) ইনপুট করে Check for Admission ক্লিক করলে একটি ভর্তি ফরম প্রদর্শিত হবে।
- ০৫। ভর্তি ফরমে চাহিত সকল তথ্য সঠিকভাবে সরবরাহ করতে হবে এবং প্রাথমিক আবেদন ফরমে যে ছবি ব্যবহার করা হয়েছে একই ছবি ফরমের নির্ধারিত জায়গায় আপলোড করতে হবে। (ছবির সাইজ হবে সর্বোচ্চ ৯৯৯ kb)। শিক্ষার্থীরা শুধু এসএসসি, এইচ এসসি এবং অনার্স পর্যায়ে উত্তীর্ণ পরীক্ষার তথ্য সরবরাহ করবে।
- ০৬। সঠিকভাবে ফরম পূরণের পর Save বাটন এ ক্লিক করলে পূরণকৃত ভর্তি ফরমে ভর্তি ফিসহ সকল তথ্য চলে আসবে।
- ০৭। অতঃপর বিকাশ/নগদের মাধ্যমে ভর্তি ফি পরিশোধ করলে ক্লাশ রোল নম্বরসহ একটি SMS শিক্ষার্থীর মোবাইলে চলে আসবে এবং ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে। শিক্ষার্থী ফরমটি ডাউনলোড করে প্রিন্ট নিবে।

মোবাইলের মাধ্যমে বিকাশ/নগদে ভর্তি ফি জমাদানের পদ্ধতি:

বিকাশ বা নগদ অ্যাপ এ গিয়ে Pay Bill সিলেক্ট করে Education সিলেক্ট করতে হবে। অতঃপর এখানে Govt Debendra College সিলেক্ট করলে Bill period ও Enter Student ID আসবে। এখানে চলতি মাসের নাম সিলেক্ট করে শিক্ষার্থীর জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদনের Admission Roll নম্বর দিয়ে ট্যাপ করলে শিক্ষার্থীর নামসহ টাকার অংক আসবে। টাকার অংক দেখে সিলেক্ট করে প্রয়োজনীয় পিন নম্বর প্রদান করে ফিস প্রদান করা যাবে।

অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নের পর শিক্ষার্থীদের করণীয়:

পূরণকৃত আবেদন ফরম (জাতীয় বিশ্ববিদ্যালয়ের পূরণকৃত ফরম ০২ কপি ও দেবেন্দ্র কলেজে ভর্তির পূরণকৃত ফরম ০২ কপি) সংশ্লিষ্ট বিভাগে নির্ধারিত সময়ের মধ্যে (সরকারি ছুটির দিন ব্যতিত প্রতিদিন সকাল ১০.০০টা থেকে দুপুর ১.০০টা পর্যন্ত) নিম্নোক্ত কাগজপত্রসহ জমা দিতে হবে।

(ক) এসএসসি, এইচ এস সি এবং অনার্স পরীক্ষার মূল সনদ, নম্বরপত্র এবং প্রশংসা পত্রসহ প্রতিটির ফটোকপি ০২ টি করে।

(খ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি রঞ্জীন ছবি।

(গ) অনলাইনে (বিকাশ/নগদে) টাকা জমা দেওয়া রশিদের কপি।

নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি ফরম স্ব স্ব বিভাগে জমা দিতে ব্যর্থ হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।


বি.দ্র.- বিকাশ/নগদ এর মাধ্যমে টাকা জমা দেওয়ার সময় কোন জটিলতা দেখা দিলে সাথে সাথে কলেজের আইসিটি বিভাগে (কক্ষ নং-১০৭) যোগাযোগ করতে হবে।

প্রতিস্বাক্ষর



অধ্যক্ষ

সরকারি দেবেন্দ্র কলেজ
মানিকগঞ্জ।



11-12-2023

আহবায়ক

মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) প্রোগ্রাম ভর্তি কমিটি/ ২০২১-২০২২
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।